নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৫/২৪২৯ ২৫ জানুয়ারি ২০২৬

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে 'রাইটিং এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল' শীর্ষক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রজেক্ট এর আওতায় 'এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল' প্রণয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকদের অংশগ্রহণে 'Training on Writing ATF Sub-Project Proposal' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (২৫ জানুয়ারি ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। প্রশিক্ষণে রিসোর্স পারসন ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের অধ্যাপক ড. এম মনিরুল ইসলাম। প্রশিক্ষণে কোর্স ডিরেক্টর ছিলেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, প্রজেক্ট প্রপোজাল তৈরির ক্ষেত্রে যে বিষয়গুলো অর্জনযোগ্য ও বাস্তবসম্মত সে বিষয়গুলোকে প্রাধান্য দিতে হবে। প্রপোজাল সুবিন্যস্তভাবে তৈরি করতে হবে। সেখানে আপনাদের পাবলিকেশগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। একই সঙ্গে বাজেট এর ক্ষেত্রে প্রতিটি বিষয় অন্তর্ভূক্ত করে প্রস্তুত করতে হবে। পূর্ণাঙ্গ মার্কস যেন আমরা পাই সে অনুযায়ী প্রপোজাল তৈরি করতে হবে। এক্ষেত্রে কিভাবে আরও দক্ষতা অর্জন করা যায় তা নিয়ে কাজ করতে হবে।

উপাচার্য আরও বলেন, হিট প্রজেক্ট এর আওতায় এ উদ্যোগকে আমরা স্বাগত জানাই। এতে আপনাদের ক্যারিয়ার যেমন উন্নত হবে তেমনি বিশ্ববিদ্যালয়ও সমৃদ্ধ হবে। আপনারা আপনাদের মেধা এবং পরিশ্রমের মাধ্যমে এগিয়ে যাবেন এবং শতভাগ প্রস্তুত হয়ে প্রজেক্ট প্রপোজাল জামা দেবেন এ প্রত্যাশা করছি।

সেমিনারের বিশেষ অতিথি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন আমরা প্রথম থেকেই এ ধরণের প্রজেক্ট রিলেটেড বিষয়কে গুরুত্ব দিচ্ছি। এ কর্মশালার মাধ্যমে আপনারা সামগ্রিক বিষয়ে একটি স্বচ্ছ ধারণা পাবেন এবং প্রজেক্ট প্রপোজাল তৈরির ক্ষেত্রে একটি কাঙ্খিত লক্ষে পৌছাতে পারবেন।

প্রশিক্ষণের রিসোর্স পারসন অধ্যাপক ড. এম মনিরুল ইসলাম বলেন আমাদের প্রজেক্ট যদি গ্রহণ করা হয় সেটা অবশ্যই আনন্দের। প্রজেক্ট গৃহীত না হলে কেন তা গৃহীত হলো না সে ফ্যাক্টরগুলো খুঁজে বের করতে হবে। সঠিক পরিকল্পনা প্রণয়ন করে প্রতিটি পদক্ষেপ সতর্কতার সাথে সমাপ্ত করতে হবে। এক্ষেত্রে বিষয় নির্বাচনে অত্যন্ত যত্নশীল হতে হবে। যারা সফল হয়েছেন তাদের অভিজ্ঞতালব্ধ জ্ঞানকে কাজে লাগাতে হবে। একই সঙ্গে আমাদের প্রজেক্ট টাইটেল ন্যাশনাল প্রয়োরিটির বিষয়গুলোকে অন্তর্ভূক্ত করছে কিনা সেদিকে লক্ষ্য রাখতে হবে, তখনই সাফল্য আসবে।

উল্লেখ্য, হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রজেক্ট এর আওতায় উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে একাডেমিক ট্রান্সফর্মেশন ফান্ড (এটিএফ) মঞ্জুর করা হবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪